গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
www.warpo.gov.bd

স্মারক নং: ৪২.১০২.০১১.১৩.০০.০০২.১৯৯৫(খণ্ড-৬)-২০৭ তারিখ: ০২-০৪-২০১৯ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | সর্বোচ্চ বয়স সীমা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | পদের প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতিবিদ) | ৪০ বৎসর | ৫০,০০০-৭১,২০০/- | ০১টি | স্থায়ী | অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা প্রণয়ন কাজে সর্বমোট ১৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ২। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতিবিদ) | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭০১০/- | ০১টি | স্থায়ী | অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা প্রণয়ন কাজে সর্বমোট ৮ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সমাজ) | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭০১০/- | ০১টি | স্থায়ী | সমাজ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা প্রণয়ন কাজে সর্বমোট ৮ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য) | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭০১০/- | ০১টি | স্থায়ী | পুরকৌশল বা পানি সম্পদ কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজের পানি সম্পদ প্রকৌশল ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা প্রণয়ন কাজে সর্বমোট ৮ বৎসরের অভিজ্ঞতা। বর্ণিত বিষয়সমূহে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৫। | গাড়ীচালক (লাইট) | ৩০ বৎসর | ৯৩০০-২২৪৯০/- | ০১টি | স্থায়ী | বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট মোটরযান চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা। |

(খ) আগ্রহী প্রার্থীদের নির্ধারিত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্য ও সংযুক্তিসহ স্বাক্ষরযুক্ত আবেদন পত্র ডাকযোগে অথবা সরাসরি আগামী ৩০-০৪-২০১৯ তারিখের মধ্যে "সচিব, ওয়ারপো, ওয়ারপো ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫" এই ঠিকানায় অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। জীবন বৃত্তান্ত ছক ওয়ারপো'র ওয়েবসাইটে (www.warpo.gov.bd) পাওয়া যাবে। উক্ত তারিখের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(গ) আবেদনপত্রের সঙ্গে নিম্নে বর্ণিত কাগজপত্রসমূহ সংযোজন করতে হবেঃ

১। মহাপরিচালক, ওয়ারপো এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ক্রয়কৃত ৫০০/- (পাঁচশত) টাকার শুধুমাত্র MICR নম্বরযুক্ত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য)।
২। সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
৩। এস, এস, সি/সমমান সনদপত্র সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
৪। উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।
৫। জীবন বৃত্তান্ত ছকের ৯ ও ১২ নং অনুচ্ছেদে উল্লিখিত নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নিজ জেলা উল্লেখ সম্বলিত জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।
৬। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
৭। প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৮। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
৯। গাড়ীচালকের ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্স, জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(ঘ) সাধারণ জ্ঞাতব্যঃ

১। মুখ বন্ধ খামের উপর পদের নাম উল্লেখপূর্বক আবেদন পত্র জমা দিতে হবে।
২। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।
৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে লিখিত, মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।
৪। প্রার্থীর বয়সসীমা ৩০/০৪/২০১৯ তারিখে এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের পার্শ্বে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে।
৫। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৭। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা সমমানের জিপিএ প্রাপ্ত প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ আদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
৯। কর্তৃপক্ষ যে কোন সময়ে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১০। আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২/০৪/২০১৯

(এস এম শাহাব উদ্দিন মাহমুদ)
সচিব, ওয়ারপো।

অনুলিপি:

১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য), ওয়ারপো, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

# "জীবন বৃত্তান্ত"

১। আবেদনকারীর নাম (ক) বাংলায় :
(খ) ইংরেজীতে (বড় অক্ষরে) :
২। পদের নাম :
৩। পিতার নাম/স্বামীর নাম :
৪। মাতার নাম :
৫। বিজ্ঞপ্তির স্মারক নম্বর ও তারিখ :
৬। বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা
(ক) বাংলায় :
(খ) ইংরেজীতে (বড় অক্ষরে) :
৭। স্থায়ী ঠিকানা
(ক) বাংলায় :
(খ) ইংরেজীতে :
৮। মোবাইল ফোন/টেলিফোন নম্বর (যদি থাকে) :
৯। নিজ জেলা (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত সনদ দ্বারা সমর্থিত) :
১০। জন্ম তারিখ ও বয়স (৩০/০৪/২০১৯ তারিখে) :
১১। জাতীয় পরিচয় পত্র নম্বর :
১২। জাতীয়তা :
১৩। ধর্ম :
১৪। শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নম্বর | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় | পাশের সন | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/জিপিএ | প্রধান পাঠ্য বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

১৫। প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা (যদি থাকে) :

১৬। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর : ......................... তারিখ: .............. টাকার পরিমাণ: .................. ব্যাংকের নাম ও শাখার নাম: .............................

১৭। সংযোজিত কাগজপত্রের তালিকা :

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমার কোন আপত্তি থাকবে না।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর:

বি:দ্র: জীবন বৃত্তান্ত ছকের কোন দফা বাদ দেয়া/অসম্পূর্ণ রাখা যাবে না। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে কোন দফা প্রযোজ্য না হয়, তবে সেক্ষেত্রে **প্রযোজ্য নহে** উল্লেখ করতে হবে। ছকের কোন দফা অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।